# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

স্মারক নং- ৩৭.০০.০০০০.০০৯.৭২.০০১.১৯-২৯৯ তারিখঃ ১৬ মে ২০১৯খ্রিঃ

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সহযোগিতা প্রদান।**

সূত্রঃ স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৪৯২; তারিখঃ ১৩ মে, ২০১৯

উপর্যুক্তি বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এক্ষেত্রে ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে।

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি ৪(৪) অনুসারে উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসারগণ দেশের সরকারি বা বেসরকারি মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের নামের তালিকা সংগ্রহকরতঃ তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করবেন। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হলে এ কর্মসূচি সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে নির্বাচন কমিশন মনে করে। সে আলোকে মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের নির্দেশনা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রোক্ত স্মারকে পত্র দেয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার/ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদেরকে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি, ২০১৯ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মতে ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৬.০৫.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ/সুপার/ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারি
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০০৯.৭২.০০১.১৯-২৯৯(৮) তারিখঃ ১৬ মে ২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সকল।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সকল।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল।
৫. সভাপতি, পরিচালনা কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসা।
৬. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd.

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.৩১.০০১.১৮-৪৯২

তারিখঃ ৩০ বৈশাখ, ১৪২৬ / ১৩ মে, ২০১৯

**বিষয়ঃ ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সহযোগিতা প্রদান।**

সূত্রঃ নির্বাচন কমিশন সচিবালয়ের আধাসরকারি পত্র নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৪৫; তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সার্বিক সহযোগিতা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাচন কমিশন সচিবালয় হতে প্রাপ্ত আধাসরকারি পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।

১৩/৫/২০১৯

(এ. কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)
☏: ৪১০৫০১৩০
sec1tmed@gmail.com

**বিতরণ:**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

**অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

রেজিস্ট্রার

হেলালুদ্দীন আহমদ
সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
ঢাকা॥বাংলাদেশ

১২ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ
নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৮.১৯-২৪৫ তারিখঃ ২৫ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ

আমার সালাম ও শুভেচ্ছা গ্রহণ করুন।

আপনি অবহিত আছেন যে, নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচি,২০১৯-এ ভোটারযোগ্য ব্যক্তিদের তথ্য সংগ্রহ ও সুপারভাইজার কর্তৃক যাচাই কার্যক্রম ২৩ এপ্রিল ২০১৯ হতে পরবর্তী ৩(তিন) সপ্তাহ পর্যন্ত অথবা শুরুর তারিখের পরবর্তী ০৩(তিন) সপ্তাহ ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করা হবে। উল্লেখ্য, ২০০৪ সালের ০১ জানুয়ারি অথবা তার পূর্বে যাদের জন্ম তাদের এবং বিগত ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে যারা বাদ পড়েছেন তাদেরও নিবন্ধনের জন্য তথ্য সংগ্রহ করা হবে। প্রথম পর্যায়ে ১৩৫(একশত পঁয়ত্রিশ)টি উপজেলা/থানার তথ্যসংগ্রহ করা হবে। অবশিষ্ট উপজেলা/থানাসমূহের সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসারগণ স্থানীয়ভাবে তথ্য সংগ্রহ ও নিবন্ধন কার্যক্রমের সময়সূচি নির্ধারণ করবেন।

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি-৪(৪) অনুসারে উপজেলা/থানা নির্বাচন অফিসার ও রেজিস্ট্রেশন অফিসারগণ বিভিন্ন সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা বা কর্তৃপক্ষ বা প্রতিষ্ঠান, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কলেজ বা সমপর্যায়ের মাদ্রাসা, সরকারি বা সরকারি অনুদানপ্রাপ্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের নামের তালিকা সংগ্রহকরত: তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করবেন। তথ্যসংগ্রহকারী ও সুপারভাইজারের দক্ষতা ও আন্তরিকতার উপর ভোটার তালিকার নির্ভুলতা অনেকাংশে নির্ভর করে। যেহেতু সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মচারিদের একাজে নিয়োগ দেয়া হয়, সেহেতু কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার শিক্ষক/কর্মকর্তা/কর্মচারিদের সার্বিক সহযোগিতা প্রদানের বিষয়ে নির্দেশনা প্রদান করা হলে এ' কর্মসূচি সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে বলে নির্বাচন কমিশন মনে করে।

এমতাবস্থায়, ভোটার তালিকা হালনাগাদ-২০১৯ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সরকারি ও বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বা মাদ্রাসার সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সার্বিক সহযোগিতা প্রদানের সানুগ্রহ নির্দেশ দানের জন্য বিনীত অনুরোধ করছি।

আন্তরিকভাবে আপনার

(হেলালুদ্দীন আহমদ)

জনাব মোঃ আলমগীর
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা